

2016
COMPULSORY BENGALI
(BNGM)
[For B. A. Honours]

Full Marks : 50

Time : 2 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

১। নিচের চারটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও : $2 \times 8 = 16$

- ক) সভার চেয়ে মেলাকে রবীন্দ্রনাথ ঠাকুর বেশি গুরুত্ব দিয়েছেন কেন?
- খ) ভাষা কেমন হওয়া উচিত বলে স্বামী বিবেকানন্দ মনে করেন?
- গ) 'শশধর তর্কচূড়ামণি অগস্ত্যমুনির সমুদ্র শোষণের বৈজ্ঞানিক ব্যাখ্যা করিতেছিলেন' - শশধর তর্কচূড়ামণি সমুদ্র শোষণের বৈজ্ঞানিক ব্যাখ্যা কী দিয়েছিলেন?
- ঘ) 'লোভে লোভে/ঘটেছে সংগ্রাম-প্রলয় মন্থর ক্ষোভে'— অংশটিতে কোন্ পৌরাণিক প্রসঙ্গের উল্লেখ রয়েছে?
- ঙ) 'ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত'— কোন্ স্বর্গের কথা এখানে বলা হয়েছে?
- চ) 'শান্তিময় পল্লী যত করে ছারখার'— কবি এখানে কী বলতে চেয়েছেন?

[Turn over]

ছ) 'পৃথিবীতে কে কাহার'— কথাটা কখন, কার মনে হয়েছিল?

জ) কেন বলাই কাকার কাছে মানুষ হচ্ছিল?

২। নিচের প্রশ্নগুলির মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :
 $6 \times 3 = 18$

- ক) 'বই পড়ার শখটা মানুষের সর্বশ্রেষ্ঠ শখ হলেও আমি কাউকে শখ হিসাবে বই পড়তে পরামর্শ দিতে চাই না।' - প্রথম চৌধুরী কেন শখ হিসাবে কাউকে বই পড়ার পরামর্শ দিতে চাননি? সাম্প্রতিককালে ইউরোপে বই পড়া সম্বন্ধে লেখকের বক্তব্য কী? $8+2=10$
- খ) 'ভাষা হচ্ছে উন্নতির প্রধান উপায়।'— কে, কোন্ রচনায় বলেছেন? বক্তার এই উক্তির কারণ বিশ্লেষণ করো। $2+8=10$
- গ) 'বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়', কবিতায় কবির মতবিত্তির যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে লেখো। ভাবের দিক থেকে এটি কোন্ ধরনের কবিতা? $8+2=10$
- ঘ) 'শতাব্দীর সূর্য আজি', কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। কবিতাটি কবে রচিত হয়? $8+2=10$
- ঙ) 'পোস্টমাস্টার' গল্পে রতন চরিত্রটি বিশ্লেষণ করো। পোস্টমাস্টার বাড়ি যাবার সময় রতনকে কত টাকা দিতে চেয়েছিল? $8+2=10$

চ) 'এবারে বিশ হাজার টাকা পণ এবং হাতে হাতে আদায়।'—

প্রসঙ্গটি উল্লেখ করো। এই গল্পে পণ প্রথার নিষ্ঠুরতা যেভাবে বর্ণিত হয়েছে সংক্ষেপে তার পরিচয় দাও।

$$২+৪=৬$$

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১২ \times ১ = ১২$

ক) 'স্ত্রী জাতির অবনতি' প্রবন্ধটি কার লেখা? প্রবন্ধটি কোন্ মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? স্ত্রী জাতির অবনতির কারণগুলি প্রবন্ধ অনুসারে বিবৃত করো।

$$১+১+১০=১২$$

খ) 'ছুটি' ছোটো গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ফটিকের বয়স কত? $১০+২=১২$

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১২ \times ১ = ১২$

ক) সমাজের নানা দিকে কুরুচিপূর্ণ অনুষ্ঠানের প্রকোপ বেড়েই চলেছে— এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির একটি শিরোনাম দাও। $১০+২=১২$

খ) অনুবাদকের গুরুচণ্ডালী দোষ বলতে কী বোঝায়? নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো।

$$২+১০=১২$$

Education does not depend on school only, it depends mainly on the student. Many students go to school and even obtain degrees but do not receive any education. Similarly many people visit pilgrim-places but everybody cannot obtain

the same result. If people do not see what can be seen, do not receive what can be received, ultimately their education remains confined to text and their religion confined to external rituals.